



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

প্রেস বিজ্ঞপ্তি

১৫ই মার্চ, ২০২০

কুড়িগ্রামের সাংবাদিক আরিফুল ইসলাম রিগ্যানকে মধ্যরাতে বাড়ি থেকে তুলে নিয়ে অমানবিক নির্যাতন  
ও মোবাইল কোর্ট আইনে বিচার করায় নিন্দা জানাচ্ছে ব্লাস্ট

কুড়িগ্রামের ঢাকা ট্রিবিউন এবং বাংলা ট্রিবিউনের স্থানীয় প্রতিনিধি সাংবাদিক আরিফুল ইসলাম রিগ্যানকে গত শুক্রবার, ১৩ মার্চ ২০২০ তারিখ কুড়িগ্রাম জেলা প্রশাসক কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীগণ মধ্যরাতে বাড়ি থেকে তুলে নিয়ে যায়। পরবর্তীতে জেলা প্রশাসক কার্যালয়ে ও একই দিন রাত আড়াইটায় মোবাইল কোর্ট বসিয়ে তাকে এক বছরের বিনাশ্রম কারাদন্ড এবং ৫০ হাজার টাকা জরিমানা করা হয় বলে বিভিন্ন সংবাদ মাধ্যমে খবর প্রকাশিত হয়েছে। উক্ত ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে।

বিভিন্ন সংবাদ মাধ্যম থেকে জানা যায় যে, কুড়িগ্রামের জেলা প্রশাসনের বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে সংবাদ প্রকাশ করছিলেন আরিফুল ইসলাম। যদিও তাকে মাদকবিরোধী অভিযানে গ্রেফতার করা হয়েছে মর্মে জেলা প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছে। সংবাদ মাধ্যম থেকে আরও জানা যায় যে, বাড়ীর দরজা ভেঙ্গে মধ্যরাতে তার বাসায় প্রবেশ করে এবং তাকে শারীরিকভাবে নির্যাতন করে।

আইনানুযায়ী বাসা থেকে কোন নাগরিককে জোর করে তুলে নিয়ে মোবাইল কোর্ট সাজা দিতে পারে না। এই ধরনের নির্যাতন বাংলাদেশের সংবিধানে বর্ণিত ৩৩ (গ্রেফতার ও আটক সম্পর্কে রক্ষাকবচ), ৩৫ ও ৩৫ (৫) (বিচার ও দন্ড সম্পর্কিত রক্ষন) এবং ৪৩ (গৃহ ও যোগাযোগের রক্ষণ), অনুচ্ছেদে বর্ণিত সাংবিধানিক অধিকারের পরিপন্থী এবং মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ধারা- ৬ এর লংঘন এবং স্বাধীনভাবে সংবাদ প্রকাশের ক্ষেত্রে হুমকি।

বিশেষ করে কোন নাগরিকের বাড়ীতে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী রাতে জোরপূর্বক প্রবেশ করে গ্রেফতার করা আইনের লংঘন। ব্লাস্ট কর্তৃপক্ষের কাছে এ ঘটনার সুষ্ঠু তদন্ত, জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন, ক্ষতিগ্রস্ত সাংবাদিকের ক্ষতিপূরণ প্রাপ্তি নিশ্চিতকরা, এ ঘটনায় জড়িত অপরাধীদের ক্ষমা প্রার্থনা এবং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি ফৌজদারী কার্যবিধি ৫৪ ও ১৬৭ ধারা সংক্রান্ত মামলায় মহামান্য সুপ্রীম কোর্টের প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের দাবী জানাচ্ছে ব্লাস্ট।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন),

ইমেইল: mahbuba@blast.org.bd